

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কার্যালয় হচ্ছে খুলনায়

■ এনামুল হক, খুলনা অফিস

বিভাগীয় শহর খুলনায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কার্যালয় স্থাপন করা হচ্ছে। এ জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যাবতীয় প্রস্তুতি নিয়েছে। ইতিমধ্যে নগরীর কেডিএ আবাসিক এলাকায় একটি অফিস নেয়া হয়েছে। এ অফিস থেকে গত তরুবার ডিগ্রী পাস কোর্সের পরীক্ষার খাতা বিতরণের যথা দিয়ে আঞ্চলিক কার্যালয়ের প্রাথমিক পর্যায়ের কার্যক্রম শুরু হয়েছে। অল্প দিনের মধ্যেই এখানে পূর্ণাঙ্গ কার্যক্রম শুরু হবে বলে জানা গেছে। আঞ্চলিক কার্যালয়ের যাত্রা শুরু হলে খুলনা বিভাগের দশ জেলার শিক্ষক-শিক্ষার্থীদের সুবিধা-অনেকটা লাভ হবে বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আশা করছেন।

সূত্র জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের যাবতীয় কার্যক্রম পরিচালিত হয় ঢাকার পার্বত্য গাজীপুর থেকে। ইতিপূর্বে সেখান থেকেই জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে মনিটরিং এবং সংশ্লিষ্ট সকল কর্মকাণ্ড নিয়ন্ত্রণ করা হতো। সাম্প্রতিককালে দেশের ছয়টি বিভাগীয় শহরে ৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের পরিকল্পনা নেয়া হয়। সে অনুযায়ী পাঁচটি বিভাগে এ কার্যালয়ের প্রাথমিক কার্যক্রম শুরু হয়েছে। আঞ্চলিক কার্যালয়সমূহের সার্বিক দায়িত্বে রয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ড. তোফায়েল আহমেদ চৌধুরী।

জাতীয় বিশ্ববিদ্যালয় খুলনা বিভাগীয় আঞ্চলিক কার্যালয় স্থাপনের জন্য প্রায় ৬ মাস আগে নগরীর সোনাজামাসহ কেডিএ আবাসিক এলাকার একটি বাড়িতে অফিস নেয়া হয়। গত ২৭ জানুয়ারি খুলনা বিভাগের ১০ জেলার শিক্ষকদের মধ্যে ২০১০ সালের ডিগ্রী পাস কোর্সের পরীক্ষার খাতা বিতরণের যথাদিয়ে আঞ্চলিক কার্যালয়ের প্রাথমিক কার্যক্রম শুরু হয়। বিভাগের মোট ১৭৮ জন শিক্ষক এখানে উপস্থিত হয়ে নিজ নিজ খাতা গ্রহণ করেন। প্রথমদিন শিক্ষকদের মাঝে প্রায় ৪০ হাজার খাতা বিতরণ করা হয়েছে। এসব খাতার মধ্যে সমাজ বিজ্ঞান, রাষ্ট্র বিজ্ঞান, ইসলামের ইতিহাস, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা, অর্থনীতি, রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, ভূগোল, সমাজ কল্যাণ ও মার্কেটিংসহ বিভিন্ন বিষয় ছিল। আগামী ৩ ফেব্রুয়ারি আবারও খাতা বিতরণ করা হবে।